চুয়াডাঙ্গায় বিএনপির চেয়ারপার্সনের মুক্তির দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে জাতীয়য়াতাবাদী স্বেচ্ছাসেবক দল।

শনিবার বেলা ১১টায় শহরের ইউনিয়ন পরিষদ অ্যাসোসিয়েশন হলের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য রাখেন জেলা জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, সহ-সভাপতি হাফিজুল ইসলাম মুক্ত, প্রচার সম্পাদক মাবুদ সরকার ও সেলিমুল হাবীব।

এসময় বক্তরা সাবেক প্রধানমন্ত্রী- বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি দাবি করেন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় যথাযথ মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

চুয়াডাঙ্গায় যথাযথ মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হচ্ছে। দিবসটি উপলক্ষে শনিবার সকাল ৭টায় জেলা আওয়ামী লীগ কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিত উত্তোলন করা হয়।

এরপর শহীদ হাসান চত্বরে শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। পরে শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ও পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

এরপর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা, শহীদ পরিবারের সন্তান এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে জেলা বিএনপি’র আলোচনা সভা ও শহীদ স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জালী জানানো হয়েছে। জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে মৌন মিছিলে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, আনছারুল হক, শেখ সাঈদ আহম্মেদ ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস ।

শহীদ বুদ্ধিজীবী দিবসে জেলা বিএনপির র্যালীতে আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আবদুর রহিম, সাংগঠনিক সম্পাদক আবদুর রশিদ, জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভূট্টো, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, পৌর বিএনপির সহ-সভাপতি ইদ্রীস আলী দেওয়ান, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু,

সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদর উদ্দিন বিশ্বাস, পৌর বিএনপির সহ-সভাপতি হাজী ফজলু খাঁন, হাবিব ইকবাল, যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরন, হাফিজুর রহমান হ্যাপি, মেহেরপুর জেলা তাতীদলের সভাপতি আরজুল্লা বাবলু মাষ্টার, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন,

জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হাসান মিন্টু, জেলা

ছাত্রদলের সহ সভাপতি আকিব জাভেদ সেনজিন, সহ-সভাপতি তৌফিক এলাহী সাকিল প্রমূখ।

এছাড়াও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও এক মিনিট নিরবতা পালন করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

শশুরবাড়ি যাওয়া হলো না বাসাদের

সদ্য বিবাহিত বাসাদ আলী শশুরবাড়ি যাওয়ার পথে ট্রাকের চাপায় নিহত হয়েছে। শনিবার মেহেরপুর সদর উপজেলার দারিয়াপুর-হরিরামপুর মাঠের সড়কে এ ঘটনা ঘটে।

নিহত বাসাদ আলী সদর উপজেলার ঝাঝা গ্রামের মহসিন আলীর ছেলে।

স্থানীয়রা জানান, বাসাদ আলী গত এক মাস আগে মালয়েশিয়া থেকে বাড়ি আসে। মাস খানেক হবে দারিয়াপুর গ্রামে বিবাহ করে।

শশুরবাড়ি যাওয়ার পথে বিদ্যাধরপুর নামক গ্রামের নিকট পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবী

দিবসে জেলা আওয়ামীলীগের শ্রদ্ধাঞ্জালী

মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে জেলা আওয়ামীলীগের উদ্যোগে শ্রদ্ধাঞ্জালী জানানো হয়েছে। শনিবার সকালে মেহেরপুর শহরের কলেজ মোড় সংলগ্ন শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসোধে নেতা কর্মিরা ফুল দিয়ে শুভেচ্ছা জানায়। সেই সাথে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় কিছুক্ষন নিরবতা পালন ও দোয়া করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল হালিম, মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক কেএম আতাউল হাকিম লালমিয়া, প্রচার সম্পাদক ইকবাল হোসেন বুলবুল, আইন বিষয়ক সম্পাদক পল্লব ভট্টাচার্য, অর্থ বিষয়ক সম্পাদক সিরাজুল ইসলাম, উপ-প্রচার সম্পাদক শ্বাশত নিপ্পন,

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, কৃষকলীগের সভাপতি জাফর ইকবাল, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি একে আজাদ সাগর,

এছাড়াও তৌহিদুল ইসলাম, রিয়দ আজিম, হাসেম আলাউদ্দিন, মিথেন, আল মামুন, চপল প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে অটোভ্যান উল্টে স্ত্রী নিহত : আহত স্বামী

গাংনীতে অটোভ্যান উল্টে আমেনা খাতুন (৪৭) নামের একজন নিহত হয়েছেন। আহত হয়েছেন তার স্বামী জালাল উদ্দীন (৫০)। নিহত আমেনা খাতুন গাংনী উপজেলার জালশুুকা গ্রামের জালাল উদ্দীনের স্ত্রী এবং

তার স্বামী ওই গ্রামের করিম মন্ডলের ছেলে।

শনিবার দুপুর ১ টার দিকে গাংনী উপজেলা শহরের কাঁচা বাজার এলাকায় সড়ক দুর্ঘটনায় এ নিহত ও হতাহতের ঘটনা ঘটে।

পারিবারিক সূত্রে জানা গেছে, আমেনা খাতুন কয়েকদিন যাবত উচ্চ রক্তচাপ জনিত কারণে অসুস্থ ছিলেন। আজ দুপুরে সে বেশি অসুস্থ হলে, তার স্বামী জালাল একটি অটোভ্যান যোগে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসছিলেন।

এ সময় তারা গাংনী কাঁচা বাজার এলাকায় পৌঁছালে, অটোভ্যান চালক একটি ছাগলকে বাঁচাতে গিয়ে অটোভ্যানটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়, আহতদের পথচারীরা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়।

কর্তব্যরত চিকিৎসক জানান, আমেনা খাতুন ঘটনাস্থলেই মারা গেছেন। স্বামী জালাল উদ্দিনের অবস্থা আশঙ্কাজনক হাওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এদিকে গাংনী থানা পুলিশ নিহতের লাশ উদ্ধার করেছে।

-গাংনী প্রতিনিধি

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে বিদ্যালয়ের হলরুমে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের

প্রধান শিক্ষক মাহাবুব রহমান।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আলিম, ফারুক হোসেন, মোস্তাক আহম্মেদ, শরিফুদ্দিন, মমতাজ পারভিন, আফরোজা সুলতানা, আব্দুল জাব্বার, জিয়াউর রহমান, মর্তুজা ফারুক রুপক, রিপন আলী সহ বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত

নানা কর্মসূচীর মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকাল ১১ টার দিকে গাংনী গাংনী উপজেলা প্রশাসন এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক,সাবেক এমপি মো: মকবুল হোসেন,গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান,সাবেক মেয়র আহমেদ আলী প্রমুখ। এসময় সরকারী কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক কর্মী, সাংবাদিকসহ বিভিন্ন শেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[

লীগের প্রস্তুতি সভা

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৩ টায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ, লীগের দলীয় কার্যালয় এ সভা অনুষ্ঠিত হয়।
কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শফিক-উর রহমানের সভাপতিত্বে সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট।

এ সময় উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি সহিদুল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ, জেলা কৃষক লীগের পশু ও মৎস্য বিষয়ক সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস আওয়ামী লীগ নেতা মখলেসুর রহমান রিপন, আব্দুল হান্নান, রবিউল হোসেন শুকলাল, আব্দুল কাদের বিশ্বাস,আব্দুল করিম, আলাউদ্দিন, লুৎফর রহমান, আমিনুল ইসলাম ফুরুই, ডা. রবিউল হক, নাসির উদ্দিন,

শওকত আলী, লিয়াকত আলী, আব্দুস সবুর, সহিদুল ইসলাম, শওকত আলী, মিন্টু বিশ্বাস, সিরাজুল ইসলাম, রবিউল ইসলাম, আব্দুস সালাম, ফকির মোহাম্মদ শেখ, আশরাফ আলী, আলাল হোসেন, কিতাব আলী, সহিদুল হক ছোটআব্বা, শ্রমিক নেতা জামাত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি,

সহ-সভাপতি আব্দুল মজিদ, যুগ্ম সম্পাদক শরিফ রতন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাংবাদিক মেহেদী হাসান মিলন, দপ্তর সম্পাদক বখতিয়ার বকুল, অর্থ বিষয়ক সম্পাদক শফিউদ্দিন বাবু, যুবলীগ নেতা আবু জাফর, আক্তার, জাহাঙ্গীর, লিটন, ফারুক, বিল্লাল, রতন, তারিকুল, আলমগীর, সাজন, ফারুক,জিয়ার, ওমিদুল, মুকুল ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, লিমন, সালাউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি